75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

৭৫রু. 75RS

SEVENTY FIVE RUPEES

... Schedule ... II and ... 5(1) of the ... duly stamped ... under the Indian Stamp Act, 1899 as amended in 1964 Schedule 1A No. 23 Process Fee 4.50 Paid in C.R.R.

A 23.50
H 23.50
M 4.00
51/-

19.6.[illegible]

Registrar ... Alipore, 24-Parganas

সাফ বিক্রয় কোবালা ।

মূল্য : - - ৩০০০.০০ টাকা মাত্র।

কোবালা গ্রহীতা : -

শ্রী বিমল রঞ্জন সেন ,
পিতা মৃত সুধাংশু ভূষন সেন ,
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাং পি ৫৪ নং বাঁশদ্রোণী পার্ক ,
থানা রিজেন্টপার্ক , জেলা ২৪পরগণা।

কোবালা দাতা : -

শ্রী নরেন্দ্র নাথ মণ্ডল ,
পিতা মৃত নিরাপদ মণ্ডল ,
জাতি হিন্দু, পেশা চাষ ,
সাং বানিয়া , থানা সোনারপুর ,
জেলা ২৪ পরগণা।

কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ২দুই ছটাক ৪১ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালির গৃহাদি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেন্ট সুখাদি দখলস্থ হক হকুক সম্পত্তি সম্পূর্ন নির্দায়, নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে : -

75/

3104 28/5/84

Bimal Ranjan Sen

Sarojininagar New Delhi-23.

[signature]

...ented for Registration at

1-25 A.M./P.M. on the

19th day of June 19 84

...the Spl. Registration Office

3104 Rs 75/-
3105 Rs 50/-
3104 Rs 1/-

126/-

Narendra Nath Mondal
Late Nirapada Mondal
Babia
Sonarpur

Son ... of ...
... Executants / Claimants ...
...torney ...
...ecutant / Claimant under a
...ower of Attorney No. ...
... 19... identified by ...

of
Thana
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Culter.

[signature] 19.6.84.

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

[Bengali signature]

Amit Chatterjee

L. Kishorimohan Chatterjee

Son / ...
of Elachi
Thana Sonarpur
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Service

3104

[Bengali signature]

[signature] 19.6.84.

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

[Bengali signature]

50 Rs.

পচাস রুপয়ে

সত্যমেব জয়তে

ভারত

INDIA

৫০রু. FIFTY RUPEES 50Rs

।।২।।

জেলা ২৪ পরগণা, থানা ও সবরেজিষ্ট্রী সোনারপুর, পরগণা মাগুরা, রে : সা : ২২৩, জে, এল ৭৩নং মৌজা এনাচি গ্রাম মধ্যে অত্র জেলা কালেক্টারীর ১১৩নং তৌজি ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ৬৬৬নং খতিয়ানে ভুক্ত বার্ষিক ৪.৮৪ পয়সা খাজনার রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট সুমীয় ১২৫নং দাগের – ১.১৭ শতক বাস্তু জমি ও গৃহাদির রকম ২ আনা অংশে আমি অত্র কোবালা দাতা পৈত্রিক ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে স্বত্ববান মালিক দখলিকার আছি। এবং অবশিষ্ট জমিতে আমার শরিক পাঁচু গোপাল নস্কর, নরেন্দ্র নাথ মণ্ডল, অমূল্য নস্কর, কানাই নস্কর, করুনাময়ী দাসী দিং স্বত্ববান ও স্বত্ববতি মালিক দখলিকার ও দখলিকারিনী থাকেন। তদনুযায়ী হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে উক্ত জমি আমার নামে ও আমার উল্লিখিত অপরাপর শরিকগনের নামে এনাচি মৌজায় ৬৬৬নং খতিয়ানে নিজ নিজ অংশ মত রেকর্ড ভুক্ত হয়। এমতপ্রকারে আমি অত্র কোবালা দাতা এবং আমার উক্ত শরিক স্বত্বাধিকারী গণ একত্রে উল্লিখিত এনাচি মৌজার ১২৫নং দাগ ভুক্ত ১.১৭ শতক বাস্তু জমি আমি এবং আমার উক্ত শরিকগণ একত্রে

50

3105 22/5/84

Bimal Ranjan Sen

Sarojininagar, New Delhi-23.

[signature] 21-5-84

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ... 24 PARGANAS

19.6.84

Registrar U/S ...
Alipore, 24-Parganas

1Re

INDIA

एक रुपया

सत्यमेव जयते

ONE RUPEE भारत ONE RUPEE

।।৩।।

একত্রে খাসে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতেথাকি । অতঃপর নিজ নিজ ভোগ দখলের সুবিধার্থে আমি এত কোবালা দাতা এবং আমারে উক্ত মুরিক পাঁচু গোপাল নস্কর , ধীরেন্দ্র নাথ মণ্ডল দিং বিগত ইংরাজি ২০/৩/৮৪ তারিখে মোকাম আলিপুর ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত একখেতা পার্টিশান দলিল দ্বারা উক্ত এনাচি মৌজায় ২২৫নং দাগ উক্ত ১-১৭ শতক বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি আপোষে বিভাগ বন্টন করিয়া লইয়াছি । উক্ত বন্টন নামা দলিল মোকাম আলিপুর ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসের ১৯৮৪ সালের ৩৮৮৩ নং পার্টিশান দলিল রূপে রেজিষ্ট্রী হইয়াছে । উক্ত পার্টিশান দলিলের দ্বিতীয় পক্ষ স্বরূপে পার্টিশান দলিলের " খ " তপশীল উক্ত এনাচি মৌজার ৬৬৬নং খতিয়ানে উক্ত ২২৫নংদাগের ১-১৭ শতক বাস্তু জমির মধ্যে পৃথক চিহ্নিত ৮আট কাঠা ২দুই ছটাক ২৩' স্কোয়ারফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি আমি এত কোবালা দাতা একক নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে প্রাপ্ত হইয়া অন্যের বিনা স্বত্ব সত্ত্বে নির্বিবাদে খাসে ভোগ দখল করিয়া আসিতেছি । উক্তজমি উল্লিখিত পার্টিশান দলিলের সহিত সংযোজিত নক্সায় নীল রঙের বর্ডার দ্বারা সিমানির্দ্ধারিত করত : " বি " ব্লক রূপে চিহ্নিত করিয়া প্রদর্শিত আছে ।

3106 ২৩/৫/৮৪

Bimal Ranjan Som

Sarojini Nagar,

New Delhi - 23.

কালিঘাট পুলিশ কোর্ট

THE DISTRICT SUB-REGISTRAR ★ ALIPORE 24 PARGANAS

19.6.84

Registrar U/S 7 (2)

Alipore, 24-Parganas

বর্তমানে নানা কারনে আমার নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার স্বত্ব দখলিয় এবং পার্টিশান সূত্রে প্রাপ্ত উক্ত ২২৫নংলোপ ভুক্ত ৮আট কাঠা ২দুই ছটাক ২৩ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি সম্পূর্ন নির্দায়, নির্দোষ মুক্তাবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে, আপনি অত্র কোবালা গ্রহীতা উক্ত জমির মধ্যে নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও অত্র সহ সংযোজিত নক্সায় লাল রঙের রেখার দ্বারা সিমানির্ধারিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ২দুই ছটাক ৪৪ স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি বর্তমান বাজারোচিত সর্বোচ্চমূল্য বেকমেত্তেন মং ৩০০০.০০তিন হাজার টাকা পণ মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে, আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পণ মূল্যের সমুদয় মং ৩০০০.০০ তিন হাজার টাকা পণ বাবয় নগদ গ্রহনে অত্র সাফ বিক্রয় কোবালা মূলে উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত জমি ও গৃহাদি আপনার নিকট বিক্রয় করতঃ বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং বিক্রীত সম্পত্তিতে আপনাকে খাস দখল দিলাম । আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তনক্রমে করাদি আদায় পূর্বক দান, বিক্রয়, বিলি পত্তনাদি সর্বপ্রকার হস্তান্তর অবস্থান্তর ও ইট ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারিত্বে সর্ববিধ রূপান্তর করনের ক্ষমতায়ুক্তে যদিচ্ছামত ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে সার্বভৌম অধিকারেভোগ দখল করিতে থাকুন । বিক্রীত জমিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লভ্য সম্পর্কা ইত্যাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংশ হইয়া আপনার প্রতি নির্ব্যূঢ় স্বত্বে বর্তিল বা অর্পিল । কালে কস্মিনে আমি কিম্বা আমার ওয়ারেশান স্থলাভিষিক্তগণক্রমে কেহ

DISTRICT SUB REGISTRAR ... 24 PARGANAS

19.6.

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

কেহ উক্ত বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না ও পারিবেনা, করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত জমি আমি ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয়, বিলি পত্তনাদির দ্বারা হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিম্বা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে অন্য কোন শরিক অংশীদার বা দাবীদারনাই। অথবা বিক্রীত জমির উপর অন্য কাহারও কোন প্রকার চার্জ্জ বা ক্লেম নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারনে কোন অফিস আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয়নাই অথবা বিক্রীত ভূমি সম্পর্কে কোন অফিস আদালতে মামলা মোকদ্দমা পেনডিং নাই। বিক্রীত জমি গভর্নমেন্ট বা কোন পাবলিক বডি কর্ত্তৃক রিকুইজিশান বা একুইজিশান করা হয় নাই বা ইহা রাজ সরকারে কোন আইনে ভেস্টেডের আওতায় পড়ে নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও স্বল্প মেয়াদি বা দীর্ঘ মেয়াদি লিজ বা ভাড়া পত্তন করা হয় নাই।বা দেওয়া হয় নাই। সম্পূর্ন নির্দায়, নির্দোষ মুক্তাবস্থায় আমার বিক্রয় যোগ্য উভয় স্বত্ত্বাধিকার ও খাস দখল থাকাকালিন আপনার নিকট বিক্রয় করত: বিক্রীত ভূম্যাদিতে আপনাকে খাস দখল বুঝাইয়া দিলাম।ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্ত ঘটিয়া কিম্বা আমার কোন প্রকার শঠতা প্রবঞ্চনা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের নূন্যতাহেতু আপনারখরিদা স্বত্ব, স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে, আমি তজ্জন্য সম্পূর্ন দায়ী ও দন্ডনীয় হইব এবং আইনত: ক্ষতিপূরন সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালিন ফেরৎ দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত সম্পত্তি সম্পর্কিয় কাগজ পত্র দলিলাদিতে আমার অন্যান্য সম্পত্তি জড়িত থাকায় উক্ত দলিলপত্রকে উহা আপনাকে দিতে পারিলাম না, তবে আপনার আবশ্যক মত উহা যে কোন

OF THE DISTRICT SUB-REGISTRAR * ALIPORE 24 PARGANAS

Registrar
Alipore, 24-Parganas

কোন অফিস আদালতে দর্খাস্তবা দাখিল করিতেবাধ্য ও সম্মত রহিলাম । এতদ্ব্যতীত বিক্রীত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে আমার কোন প্রকার সাক্ষ্য প্রদান সহি সাবুদের আবশ্যক হইলে, তাহা বেওজর আপনার অনুকূলে দিতে বাধ্য রহিলাম ।

অত্র দলিলেকোন প্রকার ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল শোধকে কোন সংশোধনী দলিল বা সাপ্লিমেন্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বেওজর বিনাপনে আপনার খরচায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য ও সম্মত রহিলাম ।

অত্র সহ সংযোজিত নক্সায় প্রদর্শিত ৭ ৬ ফিট কমন প্যাসেজের উপর দিয়া আপনি আমার স্থলাভিষিক্ত স্বরূপে আপনার নিজ ওয়ারেশ উত্তরাধিকারীগণক্রমে যানবাহনাদি সমেত অবাধ যাতায়াত করিতে এবং উক্ত রাস্তার উপর দিয়াবা তলদেশ দিয়া নিজ খরিদা জমিতে ইলেকট্রিক টাপওয়াটার ও টেলিফোন কানেকশনাদি আনয়ন করিবার সত্ত্বাধিকারসহ সর্ববিধ ইজমেন্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন ।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে, সরলমনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়াপণ মূল্যের সমুদয় টাকা এককালিন নগদ বুঝিয়া পাইয়া অত্র দলিল সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন বাংলা ১৩৯১ সালের ৩রা আষাঢ়
ইংরাজি ১৯৮৪ সালের - ১৮ই জুন ।

THE DISTRICT SUB-REGISTRAR

19.6.12

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

**********************************

জেলা ২৪ পরগণা, থানা ও সবরেজিষ্ট্রী সোনারপুর, পরগণা মাগুরা, রাজপুর মিউনিসিপ্যালিটির এলেকাধিন, রে : সা : ২২৩, জে, এল ৭০নং মৌজা এলাচি গ্রাম মধ্যে অত্র জেলা কালেক্টারীর ১১০নং তৌজি ভুক্ত বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন রিভিশন্যাল সেটেলমেন্ট জরিপের ৬৬৬নং খতিয়ানের বার্ষিক ৪.৮৪ পয়সা খাজনার রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট সুত্রীয় জমিজমা মধ্যে ২২৫নং দাগের বাস্তু ১.১৭ শতক জমির মধ্যে পার্টিশান দলিল সূত্রে পৃথক চিহ্নিত ভাবে কোবালা দাতার অংশে প্রাপ্ত স্বকীয় পরিমাপে কমবেশ ৮আট কাঠা ২দুই ছটাক ২৩' স্কোয়ার ফিট বাস্তু জমি ও তদ্‌পরিস্থিত টালির ছাউনী বিশিষ্ট গৃহাদি মধ্যে অত্র সহ সংযোজিত নক্সায় লাল রঙের রেখার দ্বারা সিমানির্ধারিত এবং ''২এ'' নং প্লটরূপে চিহ্নিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ২দুই ছটাক ৪১' স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদ্‌পরিস্থিত টালির গৃহাদি মায় যাবতীয় আবর আওলাতাদি ও ইজমেন্ট সুখাদি দখলস্ত হক হকুক অত্রকোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। উহার হারাহারী খাজনা বার্ষিক - ২২ পয়সামাত্র।

| খতিয়ান | দাগনং | শ্রেনী | পরিমান - |
|---|---|---|---|
| ৬৬৬ | ২২৫ দুইশত পঁচিশ | বাস্তু | মধ্যে ২কাঠা ২ ছটাক ৪১' স্কোয়ার ফিট। |

মঃ - দুই কাঠা দুই ছটাক একচল্লিশ স্কোয়ার ফিট।

THE DISTRICT SUB-REGISTRAR

19.6.12

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

॥৮॥

বিক্রীত জমির চৌহদ্দি : -
**********************

উত্তরে : - ৬' ফিট প্রশস্ত কমন প্যাসেজ।

দক্ষিনে : - ২২৩নং দাগের জমি।

পূর্বে : - সুরেন ঘোষ এভিনিউ।

পশ্চিমে : - ২২৫নং দাগের দাতার জমি।

টাকার জমা : -
************************

প্রদারোজ নগদ ১০০.০০টাকার নোট ৩০ কেতায় - - - - - - - - - - ৩০০০.০০টাকা

মং তিন হাজার টাকা মাত্র।

ইসাদি : -
********

শ্রী জীবন চন্দ্র বোস
৮৩, ইব্রাহিমপুর রোড
যাদবপুর, কলিকাতা - ৩২।

টাইপকারক : -

শ্রী রবীনসানা, আলিপুর পুলিশ

কোর্ট, কলিকাতা - ২৭।
*******************

Regn.

Book I
Volume No 52
Pages 11 to 19
Being No 7905
for the Year 1984

19.6.84

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

Registrar U/S 7 (2)
Alipore, 24-Parganas

20.10.84